

**Mark Rampersant**

Senior Executive Director  
Office of Safety and Youth Development  
52 Chambers Street – Room 218  
New York, NY 10007

14 সেপ্টেম্বর, 2020

প্রিয় পরিবারবর্গ,

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন (NYCDOE) সকল স্কুলে নিরাপদ, সহায়ক, এবং অন্তর্ভুক্তির পরিবেশ নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ। যেসব শিক্ষার্থী স্কুলের অভ্যন্তরে ও বাহিরে চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে তাদের কীভাবে সহায়তা করতে হবে সেবিষয়ে শিক্ষক ও স্কুল কর্মীদের পেশাদারী শিক্ষা প্রদান এবং আমাদের স্কুল কমিউনিটির অংশীদার হিসেবে পরিবারদের সাথে সম্পৃক্ততার মাধ্যমে আমরা সফলভাবে এই পরিবেশসমূহ লালন করছি।

আমাদের ফ্রেমওয়ার্ক ফর গ্রেট স্কুলস্ (<https://www.schools.nyc.gov/about-us/vision-and-mission/framework-for-great-schools>) দ্বারা পরিচালিত হয়ে, আমরা জানি যে স্কুলগুলোর সাংস্কৃতিকভাবে সংবেদনশীল স্থান প্রয়োজন যেখানে সকল ছেলেমেয়েকে স্বীকৃতি দেয় এবং সকল পরিবারকে শিক্ষা প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে দেখা হয়। আমরা বুঝি যে শিক্ষার্থীরা 2019-20 শিক্ষা বছরে অনন্য চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে এবং তাদের সহায়তা করার জন্য স্কুলগুলোর প্রস্তুত হওয়া প্রয়োজন। আমাদের স্কুল কমিউনিটিগুলো আমাদের শিক্ষার্থীদের সামাজিক-আবেগজনিত, মানসিক, ও শারীরিক স্বাস্থ্য ও নিরাপত্তায় সহায়তা করার জন্য নিষ্ঠার সাথে কাজ করে যাচ্ছে।

আমরা আপনাকে অনুরোধ করছি যে, আপনার সন্তানের সাথে, চ্যালেঞ্জের শিক্ষার্থীদের শিক্ষার সহায়তায় সিটিব্যাপী আচরণগত প্রত্যাশা (<https://www.schools.nyc.gov/DCode>) পর্যালোচনা করুন, যেটায় রয়েছে শৃঙ্খলা বিধি এবং K-12 স্টুডেন্ট বিল অভ রাইটস্ অ্যান্ড রেসপন্সিবিলিটি (K-12 পিতামাতার অধিকার এবং দায়বদ্ধতার বিল) (<https://www.schools.nyc.gov/StudentRights>), প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের জন্য নিরাপত্তা, এবং শিক্ষার্থীদের আচরণগত প্রত্যাশা তুলে ধরে। অনুগ্রহ করে আপনার সন্তানের সাথে আচরণগত প্রত্যাশাগুলো নিয়ে আলোচনা করুন। ডিসিপ্লিন কোড বা শৃঙ্খলা বিধি সকল শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য—এবং সহায়তা ও মধ্যস্থতা উভয়ের পাশাপাশি শৃঙ্খলাজনিত ব্যবস্থাগ্রহণ অন্তর্ভুক্ত। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে 2019-20 শৃঙ্খলা বিধি 2020-21 শিক্ষা বছরের জন্যেও বহাল থাকবে এবং তা মিশ্র (ব্লেন্ডেড) এবং দূর থেকে (রিমোট) শিক্ষা নির্দেশনা উভয় কাঠামোতেই প্রয়োগ হবে। পূর্ণ শৃঙ্খলা বিধি সকল NYCDOE-সমর্থিত ভাষায় <https://www.schools.nyc.gov/DCode> ওয়েবসাইটে পাওয়া যাবে এবং অনুরোধ সাপেক্ষে, আপনার স্কুল কাগজে মুদ্রিত কপি প্রদান করতে পারে। শৃঙ্খলা বিধি স্কুল কর্মী পুনরুদ্ধারমূলক পদ্ধতির প্রতি মনোনিবেশ করে কীভাবে আচরণগত সমস্যা মোকাবিলা করবে সেটার রূপরেখা দিয়েছে। মিশ্র শিক্ষা (ব্লেন্ডেড লার্নিং) এবং দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) চলাকালে আচরণগত প্রত্যাশা সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে ভিজিট করুন <https://www.schools.nyc.gov/school-year-20-21/return-to-school-2020/behavioral-expectations-and-guidance>।

শৃঙ্খলা বিধি পর্যালোচনা এবং একটি সহায়ক, নিরাপদ, ও অন্তর্ভুক্তিমূলক স্কুল পরিবেশে অবদান রাখতে আপনার অংশীদারিত্বের জন্য আপনাকে অগ্রিম ধন্যবাদ। আমাদের শিক্ষার্থীদের জন্য আমাদের স্কুল কমিউনিটিকে আরও উন্নত, শক্তিশালী, এবং নিরাপদ রাখার জন্য আপনাকে ধন্যবাদ। আপনার যদি কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার স্কুল প্রিন্সিপালের সাথে যোগাযোগ করুন।

আসন্ন শিক্ষা বছরটি ফলপ্রসূ হোক সেই কামনা করছি!

শুভেচ্ছান্তে,



মার্ক র্যামপারস্যান্ট (Mark Rampersant)

সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর

অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট